



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/মানিকগঞ্জ-২৯/ ৬০২৬/৭


তারিখঃ ২৭.০৫.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যাসহ কাগজপত্র দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলাধীন সাহেব আলী খান মহিলা দাখিল মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) আবুল হাসান কর্তৃক নির্বাহী কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র ও অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, বিগত ২৮/০৬/২০১৫ খ্রিঃ তারিখে অত্র বোর্ড হতে নির্বাহী কমিটির অনুমোদন দেয়া হয়, যার মেয়াদ ২৮/০৬/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত আছে। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক ২৬/০৪/২০১৮খ্রিঃ তারিখের সভায় উক্ত অনুমোদিত কমিটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। যা বিধি সম্মত হয়নি, কারণ মাদ্রাসা সমূহের পরিচালনা কমিটি অনুমোদন প্রদান, বাতিলকরণ ও স্থগিতকরণ সম্পূর্ণ এখতিয়ার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের।

বর্ণিত অবস্থায় বোর্ড হতে কমিটি বাতিলের বিষয়ে অনুমোদন গ্রহণ না করে কোন বিধানের আলোকে সভা অনুষ্ঠানের মাধ্যমে কি কারণে চলমান নির্বাহী কমিটি বিলুপ্ত করা হয়েছে, তার সুস্পষ্ট লিখিত ব্যাখ্যাসহ ১ম সভার রেজুলেশনে সভাপতির স্বাক্ষর গ্রহণ করে রেজুলেশনের সত্যায়িত কপি ও পূর্নাঙ্গ নির্বাহী কমিটির তালিকা নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
20.5.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার  
সাহেব আলী খান মহিলা দাখিল মাদ্রাসা, ঘিওর, মানিকগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/নেত্রকোণা-৩৬/

তারিখঃ .০৫.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘিওর, মানিকগঞ্জ।
৫. সভাপতি, ম্যানেজিং কমিটি, সাহেব আলী খান মহিলা দাখিল মাদ্রাসা, ঘিওর, মানিকগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪